

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 25.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্য বিধানসভার অধিবেশন আজ শুরু হচ্ছে। সংসদের শীতকালীন অধিবেশনের সূচনাও হচ্ছে আজ।
- ২) দেশের নবীন প্রজন্মকে রাজনীতিতে যুক্ত করার প্রয়াসের অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রী তাদের বিকশিত ভারত ইয়াং লিডার্স ডায়লগে অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন।
- ৩) রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে সুবিধাপ্রাপকদের অ্যাকাউন্ট ফের যাচাইয়ের সিদ্ধান্ত নিয়েছে।
- ৪) দক্ষিণ ২৪ পরগণার হারুড পয়েন্ট কোস্টাল থানা এলাকায় দুই স্কুল ছাত্রীর রহস্য মৃত্যুর ঘটনায় তিন পড়ুয়াকে পুলিশ গ্রেপ্তার করেছে।
- ৫) আগামী কয়েকদিন রাজ্যে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

রাজ্য বিধানসভার অধিবেশন আজ শুরু হচ্ছে। প্রথম দিন সাম্প্রতিক সময়ে প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব গ্রহণ করা হবে। পরদিন ভারতীয় সংবিধানের ৭৫ বছর পূর্তি উপলক্ষে একটি প্রস্তাব নিয়ে আলোচনা হবে। এটি উত্থাপন করবেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। ঐদিন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির উপস্থিতি থাকার সম্ভাবনা রয়েছে।

একটি প্রতিবেদন

এবারের অধিবেশনে কেন্দ্রীয় সরকারের ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত বিলের বিরোধিতায় রাজ্য বিধানসভায় একটি বিল আনা হচ্ছে।

সংসদের শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে আজ। চলবে বিশেষ ডিসেম্বর পর্যন্ত। ২৬-শে নভেম্বর সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বর্ষ উদযাপন করতে পুরনো সংসদভবনের সেন্ট্রাল হলে সংবিধান দিবস পালিত হবে। গতকাল সরকারের তরফে সর্ব দলীয় বৈঠক ডাকা হয়। দুই সভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিরোধী দলগুলির সহায়তা চাওয়া হয়েছে বলে সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজু জানিয়েছেন।

দেশের নবীন প্রজন্মকে রাজনীতিতে যুক্ত করার প্রয়াসের অঙ্গ হিসেবে "বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগে" অংশগ্রহণ করতে যুব সমাজের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আহ্বান জানিয়েছেন। আকাশবাণী থেকে সম্প্রচারিত মান কি বাত অনুষ্ঠানের ১১৬ তম পর্বে প্রধানমন্ত্রী গতকাল বলেন, যাদের পরিবারের কোনো ব্যক্তি রাজনীতির সঙ্গে যুক্ত নয় এমন ১ লক্ষ তরুণ তরুণীকে তিনি লাল কেল্লার প্রাকার থেকে স্বাধীনতা দিবসের ভাষণে রাজনীতিতে আসার আহ্বান জানিয়েছিলেন। সেই প্রয়াসের অঙ্গ হিসেবে স্বামী বিবেকানন্দের জন্মদিন যুব দিবসকে সামনে রেখে দিল্লির ভারত মন্ডপমে "বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগ" -এর আয়োজন করা হচ্ছে। গ্রাম, ব্লক, জেলা, রাজ্য থেকে বাছাই করা ২হাজার তরুণ তরুণী এতে অংশ নেবেন। উপস্থিত থাকবেন জাতীয় ও আন্তর্জাতিক স্তরের বিশিষ্ট ব্যক্তিত্বরা।

(বাইট - ইয়াং লিডার্স ডায়ালগ)

তাদের সামনে এই তরুণ তরুণীরা ভবিষ্যৎ ভারত সম্পর্কে নিজেদের চিন্তাভাবনা ব্যক্ত করার সুযোগ পাবেন। এর ভিত্তিতে একটি রোড ম্যাপ তৈরী করা হবে।

সাংগঠনিক কাঠামো সহ বেশ কিছু বিষয় নিয়ে আলোচনার লক্ষ্যে তৃণমূল কংগ্রেসের কর্মসমিতির বৈঠকে বসতে চলেছে। দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ বিকেল চারটেয় কালীঘাটে তার বাসভবনে প্রস্তাবিত এই বৈঠক হবার কথা। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, রাজ্য সাধারণ সম্পাদক সুব্রত বকশি ছাড়াও শীর্ষ নেতা, বিধায়ক সাংসদরা উপস্থিত থাকবেন। বিধানসভা নির্বাচনের আগে দলের সাংগঠনিক শক্তি বৃদ্ধি, গোষ্ঠীদ্বন্দ্ব ও দুর্নীতি রুখে স্বচ্ছতার লক্ষ্যে বিভিন্ন স্তরে রদবদল এর ব্যপারেও আলোচনা হতে পারে বলে সূত্রের খবর।

এদিকে জাতীয় কর্মসমিতির এই বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ সুখেন্দু শেখর রায় কে আমন্ত্রণ জানানো হয়নি বলে জানা গিয়েছে। বৈঠকে যোগ দিতে বলে হয়েছে বীরভূমের নেতা অনুব্রত মণ্ডল কে।

তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে দুর্নীতির মধ্যে রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে অর্থ দেওয়ার আগে সুবিধা প্রাপকের অ্যাকাউন্ট পুনরায় যাচাই-এর সিদ্ধান্ত নিয়েছে। অন্যের অ্যাকাউন্টে যেন কোনোভাবেই টাকা চলে না যায় তা নিশ্চিত করতে এবং উপভোক্তার আসল ব্যাংক অ্যাকাউন্ট ও তালিকায় তার নামের সঙ্গে থাকা ব্যাংক একাউন্টের নম্বরে কোন অমিল আছে কিনা তা খতিয়ে দেখতে পঞ্চায়েত দপ্তরের তরফে প্রতিটি জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে। চূড়ান্ত তালিকা তৈরির সময় তথ্য নথিভুক্তির ক্ষেত্রেও সবরকম সতর্কতা অবলম্বন করতে হবে। উল্লেখ্য, আগামী ১৫ই ডিসেম্বর থেকে এই প্রকল্পে সুবিধা প্রাপকের অ্যাকাউন্টে প্রথম কিস্তির ষাট হাজার টাকা পাঠানো হবে বলে নবান্ন সূত্রে খবর।

ট্যাব কেলেক্কারিতে জড়িতে থাকার অভিযোগে নিউ জলপাইগুড়ি থানার সহযোগিতায় বিধাননগর ক্রাইম ব্রাঞ্চ, শিলিগুড়ির নৌকাঘাট এলাকা থেকে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। ধৃত মেহবুব হোসেনকে গতকাল জলপাইগুড়ি আদালতে ট্রানজিড রিম্যান্ডের জন্য তোলা হলে দু-দিনের রিম্যান্ড মঞ্জুর করেছে আদালত।

পাশাপাশি মাটিগাড়ার লেলিনপুর অঞ্চল থেকে নজরুল ইসলাম এবং রুকসানা খাতুন নামে দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ। পশ্চিম মেদিনীপুরের কেশিয়ারি থানা এবং মাটিগাড়া থানার পুলিশ যৌথভাবে এই অভিযান চালায়।

এদিকে, ট্যাব সহ নানা সরকারি প্রকল্পে আরো স্বচ্ছতা আনার দাবি জানিয়েছে স্কুল অ্যান্ড মাদ্রাসা ক্লার্ক অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল। এদিন বর্ধমান শহরের লাকুডিড বিদ্যামন্দিরে সংগঠনের জেলা কমিটির সম্মেলনে এই দাবি জানানো হয়।

কয়লা পাচার কাণ্ডে অন্যতম অভিযুক্ত বিনয় মিশ্রের ভাই বিকাশ মিশ্রকে কালিঘাট থানার পুলিশ, পকসো মামলা সহ একাধিক অভিযোগে গ্রেপ্তার করেছে। কয়লা পাচার মামলায় বর্তমানে জামিনে ছিল সে। গতকাল তাকে আলিপুর আদালতে তোলা হলে, একদিনের জেল হেফাজত হয়েছে।

উল্লেখ্য, আজই কয়লাপাচার মামলায় আসানসোল আদালতে চার্জশিট পেশ করবে সিবিআই।

২৬ শে নভেম্বর সংবিধান দিবস উপলক্ষ্যে শুনবেন বিশেষ আলোচনা “সংবিধান দিবস ও তার তাৎপর্য”। আলোচনায় অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক কাকলী সেনগুপ্ত। সঞ্চালনায় কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ

কলকাতা প্রযোজিত এই আলোচনা শুনবেন আগামীকাল রাত ৯ টায় গীতাঞ্জলি, ১০৭ এফ এম প্রচার তরঙ্গ ও ডি টি এইচ বাংলা পরিষেবায়।

শিয়ালদা দক্ষিণ শাখার নামখানা লাইনে নিশ্চিন্দপুর ও করঞ্জলী স্টেশনের মাঝে রেল লাইন থেকে দুই স্কুল ছাত্রীর দেহ উদ্ধারের ঘটনায় ৩ পড়ুয়াকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁদের আজ কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হবে। হারউড পয়েন্ট কোস্টাল থানা এলাকার বাসিন্দা ওই দুই ছাত্রী শনিবার বিকেলে টিউশান যাওয়ার জন্য বেরিয়ে নিখোঁজ হয়। পরিবারের অভিযোগের ভিত্তিতে ঐ তিন বন্ধুকে গ্রেফতার করেছে পুলিশ।

পশ্চিম মেদিনীপুরের ঘাটালে শ্রী অরবিন্দ স্টেডিয়ামে তৃণমূল কংগ্রেস সাংসদ দেবের সামনেই গতকাল দলের দুই গোষ্ঠীর সংঘর্ষে বেশ কয়েকজন আহত হয়েছেন। জানা গেছে, শিশু মেলার আয়োজন নিয়ে বৈঠক করতে এদিন ওই স্টেডিয়ামে যান সাংসদ দেব এবং স্থানীয় নেতা শঙ্কর দলুই। কিন্তু গন্ডগোল হওয়ায় সাংসদ বৈঠক না করেই স্টেডিয়াম ছেড়ে বেরিয়ে যান। এরপর দেবের অনুগামীদের সঙ্গে শঙ্কর দলুই-এর সমর্থকদের সংঘর্ষ বাধে। লাঠি নিয়ে তারা একে অপরের ওপর চড়াও হয়। বিশাল পুলিশ বাহিনী স্টেডিয়ামে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তাঁর রাজনৈতিক জীবনে এই ঘটনা প্রথম বলে অভিনেতা সাংসদ দেব সাংবাদিকদের কাছে বলেন

বাইট

তৃণমূলের গোষ্ঠী দ্বন্দ্বকে কটাক্ষ করেছেন সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির নেতা সুজন চক্রবর্তী।

বাইট

খাস জমি দখলকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীর সংঘর্ষে পশ্চিম বর্ধমানের দুর্গাপুর টাউনশিপ থানার জেমুয়া পঞ্চায়েতের পরাণগঞ্জ এলাকা গতকাল উত্তপ্ত হয়ে ওঠে। স্থানীয়দের অভিযোগ, শাসকদলের নেতার প্রত্যক্ষ মদতে খাস জমি দখল করে প্রোমোটররা নির্মাণ করছে। গতকাল সকালে প্রোমোটর গোষ্ঠীর সঙ্গে এলাকাবাসীদের বচসা ও হাতাহাতি শুরু হয়।

তৃণমূল কংগ্রেস অবশ্য অভিযোগ অস্বীকার করেছে। সরকারি খাস জমি দখল করলে আইন অনুযায়ী প্রশাসন ব্যবস্থা নেবে বলেও দলের তরফে জানানো হয়েছে।

মধ্য কলকাতার জোড়া বাগান থানা এলাকায় গতসন্ধ্যায় দুষ্কৃতি হামলায় এক ব্যবসায়ী আহত হয়েছেন। ব্যবসায়ী অমিত সোনকার বাইকে করে যাবার সময়ে উত্তম সোনকার নামে এক দুষ্কৃতি তাঁকে পিছন থেকে কোপ মারে বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় পড়ে যান ব্যবসায়ী। পুলিশ তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। উত্তমের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। পুরানো শত্রুতার জেরে এই হামলা বলে পুলিশের প্রাথমিক অনুমান।

নিউটাউনের থাকদারি এলাকায় গতসন্ধ্যায় বাইকের ধাক্কায় এক পথচারীর মৃত্যু হয়েছে। হাটগাছার দিক থেকে দ্রুত গতির একটি বাইক রিপন দাস নামে বছর ৪৭-এর ঐ ব্যক্তিকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। বিধাননগর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা ঐ এলাকারই বাসিন্দা রিপন দাসকে মৃত বলে ঘোষণা করে। বাইক চালকের সন্ধান করছে পুলিশ।

কলকাতা মেডিক্যাল কলেজের মেন বিল্ডিংয়ের দোতলায় কার্ডিয়োলজি বিভাগের শৌচাগারে গতরাতে আগুন লাগে। দমকলের দু'টি ইঞ্জিন বেশ কিছু ক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে বলে খবর। হতাহতের কোনও খবর পাওয়া যায়নি। শৌচাগারের মধ্যে ও বাইরে রাখা গজ এবং জামাকাপড়ের স্তুপের মধ্যে আগুন লাগে বলে খবর।

দক্ষিণ কলকাতার বিজয় গড়ে গতকাল রাত প্রায় নটা পঞ্চগন্না নাগাদ একটি বাড়ির একতলা ও তিনতলা জুড়ে আগুন লাগে। একটি কাপড়ের কারখানাও ভস্মীভূত হয়েছে। দমকলের চারটি গাড়ি বেশ কিছুক্ষনের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।
